

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ক্রমিক নং- ২২৭২	তারিখ- ২৭/১০/২২	অর্থনৈতিক নং-	
অঃ সঃ	সঃ সঃ	উঃ বিঃ সঃ	নিঃ সঃ
			✓

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
হিসাব শাখা-১  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৬৭.২১.১০২৪

তারিখ: ২ কার্তিক ১৪২৯

১৮ অক্টোবর ২০২২

বিষয়: জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট (এনআইএলজি) এর প্রশাসনিক ভবনে সিসি ক্যামেরা স্থাপনসহ আনুষঙ্গিক কাজের জন্য চেকের মাধ্যমে ৯০,০০০/- টাকা বরাদ্দ।

সূত্র: পরিচালক (প্রশাসন ও সমন্বয়), জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট (এনআইএলজি), আগারগাও, ঢাকার স্মারক নং-৪৪২ তারিখ-১৪-০৯-২০২২ খ্রিঃ প্রেক্ষিতে।

উপরোক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে পরিচালক (প্রশাসন ও সমন্বয়), জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট (এনআইএলজি), আগারগাও, ঢাকা কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত ৯০,০০০/- টাকার চেক নং-CDD-৫১৬৭২৯১ তারিখ -১৪/০৯/২০২২; জনতা ব্যাংক লিমিটেড, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ভবন শাখা, ঢাকা হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের এনডোর্স পূর্বক প্রেরণ করা হল।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক খরচ করতে হবে চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে অত্র দপ্তরে দাখিল করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্ত সমূহ অনুসরণ করতে হবে।

- (১) প্রত্যাশী সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- (২) কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশী সংস্থার নিকট হতে প্রত্যয়ন প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- (৩) বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব অত্র দপ্তরে ও প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- (৪) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী দায়ী থাকবে।

সংযুক্তি- বর্ণনামতে ৯০,০০০/- টাকার চেক।

১৮-১০-২০২২

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

নির্বাহী প্রকৌশলী

গণপূর্ত ই/এম বিভাগ -৮, ঢাকা


ইমেইল: se\_coord@pwd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৬৭.২১.১০২৪/১(১৫)

তারিখ: ২ কার্তিক ১৪২৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) হিসাব মহানিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর (সংস্থাপন ও সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর
- ৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ই/এম), গণপূর্ত ই/এম জোন
- ৪) মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) পরিচালক, প্রশাসন ও সমন্বয় বিভাগ, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ২৯, আগারগাও, ঢাকা।
- ৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং এন্ড অডিট সার্কেল, গণপূর্ত অধিদপ্তর
- ৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পেকু সার্কেল, গণপূর্ত অধিদপ্তর
- ৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ই/এম), গণপূর্ত ই/এম সার্কেল-৩
- ৯) নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
- ১০) নির্বাহী প্রকৌশলী (ই/এম), গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ – ২, ঢাকা, গণপূর্ত অধিদপ্তর। গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ১১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
- ১৩) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার ও পল্লি উন্নয়ন মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৪) সিনিয়র হিসাব সহকারী, হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর
- ১৫) গার্ড নথি, হিসাব শাখা-১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।



১৮-১০-২০২২

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)